NORTON ROSE FULBRIGHT

# 31 জানুয়ারি 2014 এ অস্ট্রেলিয়ান ইমিগ্রেশন ডিটেনশনে থাকা সকল ব্যক্তিদের জন্য বিজ্ঞপ্তি

## এটি একটি গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি যা আপনাদের অধিকারকে প্রভাবিত করতে পারে।

**এই বিজ্ঞপ্তিটি নিম্নলিখিত ভাষায় পাওয়া যাচ্ছেঃ www.immigrationdatabreach.com.au**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| আরবি | আজারবাইজানীয় (উত্তর) | বাংলা | বার্মিজ | ক্যান্টনিজ | দারি | হাজারাগি |
| হিন্দি | ইন্দনেশিয়ান | কুর্দি (কুরমাঞ্জি) | কুর্দি (সোরানি) | ম্যান্ডারিন | পশতু | ফার্সি |
| পাঞ্জাবী | সিংহলি | সিলেটী | তামিল | উর্দু | উজবেক | ভিয়েতনামি |

## 1 এই নোটিশটি কী সম্পর্কিত?

*ডেটা লঙ্ঘনের পটভূমি*

1.1 এই বিজ্ঞপ্তি *(notice)* Department of Immigration and Border Protection, যার নাম এখন Department of Home Affairs, তাদের ওয়েবসাইটের মাধ্যমে সঙ্ঘটিত একটি ডেটা লঙ্ঘনের ঘটনা সম্পর্কিত।

1.2 ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে ঐ ওয়েবসাইটে একটি স্প্রেডশিট প্রকাশিত হয়েছিল যাতে প্রায় ৯০০০ ব্যক্তির ব্যক্তিগত তথ্য ছিল। ঐ ব্যক্তিরা ইমিগ্রেশনে কিংবা অন্য কোন ডিটেনশন সেন্তারে ছিলেন। স্প্রেডশিটটি ওয়েবসাইটে প্রকাশ করা উচিত হয়নি। এটি একটি দুর্ঘটনা ছিল। আপনার নাম এবং ঠিকানার মত ব্যক্তিগত তথ্যের এই দুর্ঘটনাজনিত প্রকাশকে ডেটা লঙ্ঘন (*Data Breach*) বলা হয়।

1.3 ১৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অইসকল ব্যক্তিগত তথ্য ডিপার্টমেন্টের ওয়েবসাইট এবং ২৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে ওয়েবসাইটের একটি ঐতিহাসিক সংস্করণ থেকে সরিয়ে নেয়া হয়।

*Office of the Australian Information Commissioner এর কাছে দায়েরকৃত অভিযোগ*

1.4 ডেটা লঙ্ঘনের কারণে ক্ষতিগ্রস্ত সকল ব্যক্তির পক্ষ থেকে Office of the Australian Information Commissioner (**OAIC**) এর কাছে ৩০ আগস্ট ২০১৫ তারিখে একটি অভিযোগ দায়ের করা হয়েছিল। অস্ট্রেলিয়ান ইনফরমেশন কমিশনার এই অভিযোগের তদন্ত করেছেন।

1.5 ২৪ জানুয়ারি ২০১৮ তারিখে ডেটা লঙ্ঘনের কারণে যারা ক্ষতিগ্রস্ত হয়ে থাকতে পারেন তাদের সকলকে OAIC একটি নোটিশ (এটির মত) ইস্যু করেছিলেন (**প্রথম নোটিশ**)। প্রথম নোটিশটিতে ডেটা লঙ্ঘনের প্রভাব সম্পর্কে তথ্য চাওয়া হয়েছে।

1.6 ১১ জানুয়ারি ২০২১ তারিখে অস্ট্রেলিয়ান ইনফরমেশন কমিশনার সিদ্ধান্ত নিয়েছিলেন যেঃ

(1) ডিপার্টমেন্ট ডেটা লঙ্ঘনের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গোপনীয়তায় হস্তক্ষেপ করেছে; এবং

(2) ডেটা লঙ্ঘনের ফলে এর দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ তাদের ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী

1.7 অস্ট্রেলিয়ান ইনফরমেশন কমিশনারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে Administrative Appeals Tribunal (**AAT**) এ আপিল করা হয়েছিল। ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে একটি নতুন প্রক্রিয়া নির্ধারণ করেন যার মাধ্যমে ডেটা লঙ্ঘনের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ যাচাই করা হবে। এই প্রক্রিয়াটিকে ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প *(Compensation Assessment Scheme)* বলা হয়।


© Norton Rose Fulbright Australia

*ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প*

1.8 AAT এর সিদ্ধান্ত অনুসারে, ডেটা লঙ্ঘনের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রদেয় ক্ষতিপূরণ স্বাধীনভাবে যাচাই করার জন্য আইন সংস্থা Norton Rose Fulbright Australia (**NRFA**) কে নিযুক্ত করা হয়েছে।

1.9 এই বিজ্ঞপ্তি ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পের প্রথম ধাপ।

## 2 আমাকে কী করতে হবে?

2.1 ডেটা লঙ্ঘনের ফলে যদি আপনার কোন ক্ষয়ক্ষতি না হয়ে থাকে, তবে আপনি ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী হবেন না। আপনাকে এই নোটিশের জবাব দিতে হবে না।

2.2 ডেটা লঙ্ঘনের ফলে আপনার ক্ষয়ক্ষতি হয়েছে বলে যদি আপনি মনে করেন, অথবা আপনি যদি নিশ্চিত না হন, এবং ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পের আওতায় ক্ষতিপূরণ দাবি করতে চান, তাহলে আপনাকে অবশ্যই এই লিঙ্কে **www.immigrationdatabreach.com.au** দেয়া অনলাইন রেসপন্স ফর্মটি (***Response Form***) পূরণ করে এই নোটিশের জবাব দিতে হবে। ক্ষয়ক্ষতির উদাহরণের জন্য অনুগ্রহ করে নীচের ৬ নম্বর অনুচ্ছেদটি দেখুন।

2.3 যদি আপনার মনে হয় ডেটা লঙ্ঘনের ফলে আপনার ক্ষয়ক্ষতি হয়েছে কিন্তু আপনি ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পে অংশ নিতে ইচ্ছুক নন, তাহলে আপনাকে অবশ্যই এই নোটিশের জবাবে এটি থেকে নিজেকে প্রত্যাহার করে নিতে হবে। রেসপন্স ফর্ম আপনাকে '*opt-out*' অপশনটি নির্বাচন করার সুযোগ দেবে। ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প থেকে প্রত্যাহারের পরিণতি সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে নীচের ৩ নম্বর অনুচ্ছেদটি দেখুন।

2.4 ফর্মে আপনার দেয়া তথ্য NRFA তে পাঠানো হবে। আপনার যদি কোন নির্ভরযোগ্য ইন্টারনেট ব্যবহারের সুযোগ না থাকে, তাহলে আপনি রেসপন্স ফর্মটির একটি ছাপানো কপিও পূরণ করতে পারেন এবং Compensation Assessment Scheme, Norton Rose Fulbright Australia, Level 6, 60 Martin Place, SYDNEY, NSW 2000 ঠিকানায় আপনার জবাবগুলো পাঠিয়ে দিতে পারেন। অনুগ্রহ করে auscas@nortonrosefulbright.com ঠিকানায় ইমেইল করে কিংবা (02) 9330 8006 নম্বরে NRFA এর সাথে যোগাযোগ করে রেসপন্স ফর্মের একটি ছাপানো কপি চেয়ে নিন।

2.5 আপনাকে অবশ্যই **১০ জুন ২০২৪ বিকেল ৪ টার (সময়সীমা)** মধ্যে এই নোটিশের জবাব দিতে হবে। আপনি জবাব দেয়ার সময় বাড়ানোর জন্য অনুরোধ করতে পারেন, তবে আপনার সময় বাড়িয়ে দেয়া হবে এমন কোন নিশ্চয়তা নেই।

2.6 সময় বাড়ানোর জন্য সমস্ত অনুরোধ অবশ্যই auscas@nortonrosefulbright.com ঠিকানায় ইমেলের মাধ্যমে অথবা Compensation Assessment Scheme, Norton Rose Fulbright Australia, Level 6, 60 Martin Place, SYDNEY, NSW 2000 ঠিকানায় নিবন্ধিত পোস্টের মাধ্যমে পাঠাতে হবে। আপনি 02 9330 8006 নম্বরে ফোনের মাধ্যমে NRFA এর সাথে যোগাযোগ করেও সময় বাড়ানোর অনুরোধ করতে পারেন।

2.7 **আপনি যদি প্রথম নোটিশের জবাব না দেন এবং সময়সীমার মধ্যে নোটিশের সাড়া না দেন (এবং সময় বাড়ানোর সুযোগ না পান), তাহলে আপনি ডেটা লঙ্ঘনের ফলে সঙ্ঘটিত কোন ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ পাবেন না।**

## 3 ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প থেকে প্রত্যাহারের অর্থ কী?

3.1 অনুগ্রহ করে মনে রাখবেন যদি আপনি ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পের অধীনে ক্ষতিপূরণ পান তাহলে অন্যান্য উপায়ে ডেটা লঙ্ঘনের জন্য ক্ষতিপূরণ চাওয়ার আপনার সমস্ত আইনি অধিকার (আদালতের মামলা শুরু করা সহ) **শেষ হয়ে** যাবে।

3.2 এর কারণ ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পটির উদ্দেশ্য হল আপনার দাবি ন্যায্যভাবে যাচাই করা এবং আপনার ও ডিপার্টমেন্টের মধ্যেকার যেকোনো বিবাদের অবসান ঘটানো।

3.3 আপনি যদি ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পের বাইরে আপনার আইনি অধিকারগুলো প্রয়োগ করতে চান, তাহলে আপনাকে অবশ্যই এই নোটিশের জবাবে এবং রেসপন্স ফর্মে অপ্ট-আউট অপশনটি নির্বাচন করে ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প থেকে নিজেকে প্রত্যাহার করে নিতে হবে। অপ্ট-আউট করার সিদ্ধান্ত নেয়ার আগে, আমরা আপনাকে সেই সিদ্ধান্ত সম্পর্কে আইনি পরামর্শ নিতে উৎসাহিত করছি, যার মধ্যে রয়েছে অন্যান্য ধরণের দাবির খরচ ও অসুবিধাগুলো সহ ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পের বাইরে দাবি করার জন্য ডেটা লঙ্ঘনের ঘটনার পর থেকে অনেক সময় কেটে গেছে কিনা।

## 4 আমি যদি ইতিমধ্যেই প্রথম নোটিশের জবাবে তথ্য প্রদান করে থাকি তাহলে কী হবে?

4.1 আপনি যদি প্রথম নোটিশের জবাবে তথ্য প্রদান করে থাকেন, তাহলে NRFA যখন আপনার সম্ভাব্য ক্ষতিপূরণ মূল্যায়ন করবে তখন এই তথ্য বিবেচনে করা হবে। আপনাকে আবার একই তথ্য দিতে হবে না।

4.2 আপনি যদি এই নোটিশের জবাবে আপডেট বা অতিরিক্ত তথ্য প্রদান করতে চান, তবে এটি আপনার সময়সীমার মধ্যে প্রদান করা গুরুত্বপূর্ণ।

## 5 আমি যদি প্রথম নোটিশের জবাব না দিয়ে থাকি?

5.1 আপনার কাছে এখন NRFA -কে গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করার আরও একটি সুযোগ রয়েছে।

5.2 অবশ্য আপনাকে ব্যাখ্যা করতে হবে কেন আপনি প্রথম নোটিশের জবাব দেননি। NRFA তখন যাচাই করে দেখবে আপনি ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পে অংশ নেয়ার অধিকারী কিনা।

5.3 আপনার প্রথম নোটিশের জবাব না দেয়ার কারণের সাথে প্রাসঙ্গিক হতে পারে এমন তথ্যের মধ্যে থাকতে পারেঃ

(1) আপনি যে প্রথম নোটিশ পাননি তার প্রমাণ;

(2) OAIC যে ঠিকভাবে আপনার জবাব পায়নি তার প্রমাণ;

(3) এই মর্মে একটি লিখিত ব্যাখ্যা প্রদান করা যে আপনার একটি ভুল ধারণা ছিল আপনি ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী হবেন না;

(4) এই মর্মে একটি লিখিত ব্যাখ্যা প্রদান করা যে আপনি বুঝতে পারেননি কিংবা জানতেন না কিভাবে প্রথম নোটিশের জবাব দিতে হবে; অথবা

(5) এই মর্মে একটি লিখিত ব্যাখ্যা প্রদান করা যে অন্যান্য পরিস্থিতির (যেমন অসুস্থতা, আর্থিক সমস্যা, কিংবা পরিবারের সদস্যদের পরিচর্যার দায়িত্ব নেয়ার) কারণে আপনি প্রথম নোটিশের জবাব দিতে পারেননি।

## 6 কী কী ধরণের ক্ষয়ক্ষতির জন্য আমি ক্ষতিপূরণ পেতে পারি?

6.1 ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প আপনাকে নিম্নোক্ত ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ দেয়া হতে পারেঃ

(1) অর্থনৈতিক লোকসান ***(Economic Loss)***; এবং

(2) অর্থনৈতিক নয় এমন লোকসান ***(Non-Economic Loss)***।

6.2 ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প শুধুমাত্র ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ সঙ্ঘটিত অর্থনৈতিক এবং অর্থনৈতিক নয় এমন ক্ষয়ক্ষতির জন্য আপনাকে ক্ষতিপূরণ দিতে পারে। ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্প আপনাকে অন্য কোনো ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ দেবে না যা ডেটা লঙ্ঘনের কারণে হয়নি।


© Norton Rose Fulbright Australia

<u>অর্থনৈতিক লোকসান</u>

6.3 অর্থনৈতিক ক্ষতি মানে আপনি যে আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন, যেমন ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ আপনি যে অর্থ ব্যয় করেছেন (বাড়তি খরচ) কিংবা যে আয় থেকে বঞ্চিত হয়েছেন (আয় নষ্ট হয়ে যাওয়া)। এর মধ্যে থাকতে পারেঃ

(1) ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ আপনি যেই বাড়তি চিকিৎসা ব্যয় মিটিয়েছেন। এর সাথে সংশ্লিষ্ট ব্যয়গুলোর মধ্যে থাকতে পারেঃ

(a) চিকিতসকের পরামর্শ;

(b) ঔষধ এবং চিকিৎসা;

(c) মেডিক্যাল রিপোর্ট;

(2) ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ কাজ করতে না পারার কারণে যে আয় থেকে বঞ্চিত হয়েছেন; এবং

(3) ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ আপনি যে বাড়তি খরচের সম্মুখীন হয়েছেন যেমনঃ

(a) OAIC -তে করা পূর্বোক্ত কোনো অভিযোগের সাথে সংশ্লিষ্ট কিংবা ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ প্রথম নোটিশের জবাব দেয়ার সাথে সংশ্লিষ্ট ব্যয়; এবং

(b) ডেটা লঙ্ঘনের ফলস্বরূপ আপনার পরিচয়ের সুরক্ষার জন্য যে অর্থ ব্যয় করেছেন।

<u>অর্থনৈতিক নয় এমন ক্ষতি</u>

6.4 অর্থনৈতিক নয় এমন ক্ষতি মানে অ-আর্থিক প্রকৃতির ক্ষতি (অর্থাৎ যাতে কোন অর্থনৈতিক ক্ষতি অন্তর্ভুক্ত নয়)। অর্থনৈতিক নয় এমন ক্ষতির মধ্যে থাকতে পারেঃ

(1) উদ্বেগ, মানসিক চাপ, ভয়, রাগ, ব্যথা এবং কষ্ট, অপমান কিংবা বিব্রত হওয়ার অনুভূতি;

(2) ডেটা লঙ্ঘনের ফলে শারীরিক ও মনস্তাত্ত্বিক উপসর্গ, যেমন নিদ্রাহীনতা অথবা মাথাব্যথা; এবং

(3) ডেটা লঙ্ঘনের ফলে সৃষ্ট বা এর দ্বারা আরও খারাপ আকার ধারণ করেছে এমন শারীরিক সমস্যা, যেমন উদ্বেগ কিংবা বিষণ্ণতা, যেগুলো একজন চিকিৎসকের দ্বারা নির্ণীত হয়েছে।

## 7 NRFA কে আমার কী ধরণের তথ্য প্রদান করতে হবে?

7.1 রেসপন্স ফর্মে আপনার কাছ থেকে নির্দিষ্ট কিছু তথ্য জানতে চাওয়া হবে। ক্ষতিপূরণ দাবির সমর্থনে আপনার অতিরিক্ত প্রমাণ দেয়ার সুযোগও রয়েছে।

7.2 অর্থনৈতিক এবং অ-অর্থনৈতিক ক্ষতির জন্য  ক্ষতিপূরণ পাওয়ার ক্ষেত্রে আপনার দাবি যাচাই করার সময় NRFA বিভিন্ন প্রমাণ বিবেচনা করবে।

7.3 আপনি যে যে ধরণের প্রমাণ দাখিল করতে পারেন সেগুলোর কিছু উদাহরণ হলঃ

<u>অর্থনৈতিক ক্ষতির স্বপক্ষে প্রমাণ</u>

(1) ডেটা লঙ্ঘনের ফলে আপনার বাড়তি খরচের রসিদ এবং অন্যান্য রেকর্ড। উদাহরণস্বরূপ, এর মধ্যে যেধরণের রসিদ রয়েছেঃ

(a) ডেটা লঙ্ঘনের ফলে চিকিৎসকের সাথে সাক্ষাৎকার;

(b) ডেটা লঙ্ঘনের ফলে চিকিৎসক কর্তৃক প্রস্তুতকৃত রিপোর্টসমূহ;


© Norton Rose Fulbright Australia

(c) ডেটা লঙ্ঘন সম্পর্কে OAIC এর আছে করা কোনোও পূর্ববর্তী অভিযোগের সাথে সম্পর্কিত কিংবা ডেটা লঙ্ঘনের ফলে আপনার প্রথম নোটিশের জবাব দেয়ার সময় যে ব্যয় (যেমন আইনজীবী ফি) আপনাকে বহন করতে হয়েছিল; এবং

(d) ডেটা লঙ্ঘনের ফলে আপনার পরিচয় সুরক্ষার জন্য অন্যান্য খরচ।

(2) ডেটা লঙ্ঘনের ফলে কাজ করতে না পারার কারণে আপনি যে আয় হারিয়েছেন তার প্রমাণস্বরূপ বেতনের রসিদ, নিয়োগকর্তার কাছ থেকে চিঠি, মেডিকেল সার্টিফিকেট এবং অন্যান্য কাগজপত্র; এবং

(3) ডেটা লঙ্ঘনের ফলে আপনার যেকোনো অর্থনৈতিক ক্ষতির বর্ণনা প্রদান পূর্বক আপনার, আপনার পরিবারের সদস্য কিংবা আপনার ঘনিষ্ঠ অন্যান্য ব্যক্তিবর্গের স্বাক্ষরিত সংবধিবদ্ধ ঘোষণা বা বিবৃতি।

<u>অর্থনৈতিক নয় এমন ক্ষতির স্বপক্ষে প্রমাণ</u>

(1) ডেটা লঙ্ঘন আপনার উপর যে প্রভাব ফেলেছে, সেই সাথে এটি কিভাবে আপনার শারীরিক অথবা মানসিক সুস্থতার উপর ফেলেছে তার বর্ণনা প্রদান পূর্বক আপনার, আপনার পরিবারের সদস্য কিংবা আপনার ঘনিষ্ঠ অন্যান্য ব্যক্তিবর্গের স্বাক্ষরিত সংবধিবদ্ধ ঘোষণা বা বিবৃতি; এবং

(2) একজন চিকিৎসকের কাছে থেকে নেয়া রিপোর্ট, রেকর্ড এবং সার্টিফিকেট যেগুলো বর্ণনা করেঃ

(a) ডেটা লঙ্ঘনের ফলে সৃষ্টি কিংবা এর দ্বারা আরও খারাপ আকার ধারণ করেছে এমন যেকোনো শারীরিক সমস্যা;

(b) ডেটা লঙ্ঘনের ফলে আপনার চিকিৎসকের সাথে করা যেকোনো পরামর্শ; এবন/অথবা

(c) ডেটা লঙ্ঘনের ফলে নেয়া আপনার যেকোনো চিকিৎসা।

## 8 আমি কি ফোনে এই নোটিশের জবাব দিতে পারি?

8.1 যদিও অনলাইন ফর্মের (এই লিঙ্কে **www.immigrationdatabreach.com.au**) মাধ্যমে আপনার জবাব পাঠালে তা আরও কার্যকরভাবে যাচাই করা হবে, ফোনে এই নোটিশের জবাব দেয়ার অধিকার আপনার রয়েছে।

8.2 অনুগ্রহ করে (02) 9330 8006 নম্বরে NRFA এর সাথে যোগাযোগ করুন।

## 9 দক্ষ দোভাষী

9.1 এই নোটিশটি বিভিন্ন ভাষায় পাওয়া যাবে। অনুগ্রহ করে এই ডকুমেন্ট এর শুরুতে দেয়া লিস্কটি দেখুন।

9.2 এছাড়াও আপনি আপনার ভাষাতে এই নোটিশের জবাব দিতে পারবেন। একজন দক্ষ দোভাষীর সহায়তা চাইতে অনুগ্রহ করে auscas@nortonrosefulbright.com ঠিকানায় ইমেল করে অথবা (02) 9330 8006 নম্বরে NRFA এর সাথে যোগাযোগ করুন।

## 10 এই নোটিশের জবাব দিতে আমি কি আর্থিক সহায়তা পাওয়ার অধিকার রাখি?

10.1 হ্যাঁ। নোটিশের জবাব প্রস্তুত করতে একজন আইনজীবীর কাছ থেকে নেয়া সহায়তার খরচ মেটানোর জন্য আপনি সর্বোচ্চ ৫০০ ডলার দাবি করার অধিকার রাখেন। রেসপন্স ফর্মের মাধ্যমে এই আর্থিক সহায়তা দাবি করা যেতে পারে।


© Norton Rose Fulbright Australia

10.2 ক্ষতিপূরণ মূল্যায়ন স্কিমে আপনার অংশগ্রহনের সময় স্কিম অ্যাডমিনিস্ট্রেটর কর্তৃক প্রদত্ত অনুবাদ কিংবা দোভাষী পরিষেবার জন্যও আপনাকে কোন অর্থ প্রদান করতে হবে না (নোটিশ এবং রেসপন্স ফর্মের অনুদিত কপি গ্রহণ সহ)।

## 11 প্রশ্ন ও সহায়তা

11.1 এই নোটিশের জবাব দেয়ার জন্য যদি আপনার কোনো সহায়তার প্রয়োজন হয় বা আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে (02) 9330 8006 নম্বরে কিংবা auscas@nortonrosefulbright.com ঠিকানায় ইমেইলে NRFA এর সাথে যোগাযোগ করুন।

## 12 আপনার গোপনীয়তা

12.1 আপনার গোপনীয়তা NRFA এর কাছে গুরুত্বপূর্ণ। NRFA অস্ট্রেলিয়ান প্রাইভেসি প্রিন্সিপাল সহ *Privacy Act 1988* (Cth) অনুসারে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করবে।

12.2 Administrative Appeals Tribunal দ্বারা জারিকৃত আদেশের আওতায় ক্ষতিপূরণ মূল্যায়ন প্রকল্পের অধীনে প্রদান করা ক্ষতিপূরণ যাচাই করার জন্য Department of Finance দ্বারা NRFA কে নিয়োগ দেয়া হয়েছিল। NRFA সেই উদ্দেশ্যে আপনার তথ্য সংগ্রহ করবে, ব্যবহার করবে এবং প্রকাশ করবে। NRFA আপনার কাছে থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা ছাড়াও OAIC এবং ডিপার্টমেন্ট থেকে আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারে। যদি

12.3 যদি NRFA আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করতে না পারে, তাহলে NRFA ক্ষতিপূরণের জন্য আপনার দাবি মূল্যায়ন করতে পারবে না।

12.4 যখন NRFA আপনার দাবি মূল্যায়ন করবে, তখন NRFA–কে আপনার তথ্য Department of Home Affairs এবং Department of Finance এর সাথে শেয়ার করতে হবে। ডিপার্টমেন্টগুলোকে আপনার দাবি এবং আমাদের মূল্যায়ন বুঝতে সাহায্য করার উদ্দেশ্যে এটি করা হবে। এছাড়াও NRFA–কে আপনার ব্যক্তিগত তথ্য চিকিৎসক এবং আইনজীবীর মত স্বাধীন উপদেষ্টাদের সাথে শেয়ার করার দরকার হতে পারে।

12.5 আমরা আপনার ব্যক্তিগত তথ্য আমাদের কর্মী এবং ঠিকাদারদের সাথে শেয়ার করতে পারি যারা আমাদেরকে আপনার ব্যক্তিগত তথ্য সংরক্ষণের জন্য যে তথ্য প্রযুক্তি আমরা ব্যবহার করি তা পরিচালনা করতে সাহায্য করে। এই কর্মী এবং ঠিকাদারদের কেউ কেউ অস্ট্রেলিয়ার বাইরে অবস্থান করতে পারে, যেমন যুক্তরাজ্য।

12.6 আমরা আপনার সম্পর্কে যেসকল তথ্য সংরক্ষণ করি তাতে কিভাবে ঢুকতে পারবেন এবং সেই তথ্যের সংশোধন চাইতে পারেন সে সম্পর্কে NRFA এর প্রাইভেসি পলিসি বা গোপনীয়তা নীতিতে তথ্য রয়েছে। এছাড়াও প্রাইভেসি পলিসিতে অস্ট্রেলিয়ান প্রাইভেসি প্রিন্সিপালের সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে আপনি কিভাবে অভিযোগ জানাতে পারবেন, এবং NRFA কিভাবে এই ধরণের অভিযোগের সুরাহা করবে সে সম্পর্কে তথ্য রয়েছে। আপনি https://www.nortonrosefulbright.com/en-au/global-statements/privacy-notice ওয়েবসাইটে NRFA এর প্রাইভেসি প্রিন্সিপাল দেখতে পারেন।

12.7 Department of Home Affairs এবং Department of Finance এর প্রাইভেসি প্রিন্সিপালগুলোতে একই ধরণের তথ্য রয়েছেঃ

- Department of Home Affairs: https://www.homeaffairs.gov.au/access-and-accountability/our-commitments/privacy
- Department of Finance: https://www.finance.gov.au/about-us/privacy-policy-summary

12.8 আমরা যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি এবং কিভাবে আপনার তথ্য ব্যবহার করব, সেই সাথে আপনার প্রদানকৃত ব্যক্তিগত তথ্যের যেকোনো সংশোধন সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে auscas@nortonrosefulbright.com ঠিকানায় ইমেল করে কিংবা (02) 9330 8006 নম্বরে ফোন করে Norton Rose Fulbright Australia এর সাথে যোগাযোগ করুন।


© Norton Rose Fulbright Australia